

তারিখ: ২৬ জুলাই ২০২৩

স্মারক নং- ১৬.০১.৩০১৪.২৪.০১.০০৩.২৩-০২


"নিয়োগ বিজ্ঞপ্তি"

ছাগলনাইয়া উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য অস্থায়ী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক সত্ধানী (সর্বসাক্ষুপো)	যোগ্যতা
০১	গেশ ইমাম	০১ জন	১৫,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদীস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাম্মিদ হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিয়াত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। হাফেজ -ই- কোরআন অধাদিকার পাবেন। (গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
০২	মুআজ্জিন	০১ জন	১০,০০০/-	(ক) দ্বিতীয় শ্রেণীর আশিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সঙ্গ্রিষ্ট ক্ষেত্রে/মুআজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ -ই-কোরআন ও ইলমে ক্বিয়াত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অধাদিকার দেওয়া হবে।
০৩	খাদিম	২ জন	৭,৫০০/-	(ক) দ্বিতীয় শ্রেণির আশিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) সঙ্গ্রিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে

শর্তাবলী

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০২। আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদা তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩ (তিন) কপি।
(গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।
(চ) আবেদন পত্রের সাথে ০১ নং ক্রমিক পদের জন্য ৫০০/= (পাঁচশত) টাকা এবং ০২ নং ক্রমিক পদের জন্য ৩০০ (তিনশত) টাকা ও ০৩ নং ক্রমিক পদের জন্য ২০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে, ছাগলনাইয়া বরাবর সংযুক্ত করতে হবে।
- ০৪। প্রার্থীর বয়স আগামী ১০/০৮/২০২৩ খ্রি. তারিখে ০১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর, অন্যান্য পদের (২৫-৩৫) বছর হতে হবে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।
- ০৫। সহকারী কমিশনার (ভূমি) ছাগলনাইয়া ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি ছাগলনাইয়া, ফেনী বরাবর আবেদন করতে হবে।
- ০৬। ইসলামিক ফাউন্ডেশন, উপজেলা কার্যালয়, ছাগলনাইয়া, ফেনীতে আগামী ১০ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি আবেদন পৌঁছাতে হবে।
- ০৭। অসম্পূর্ণ, ত্রুটিজনিত ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। নামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।
- ০৮। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।
- ০৯। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। একাধিক পদে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১০। প্রার্থীকে নিবাচনী পরিক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১১। কোন তথ্য গোপন করে চাকরীতে নিয়োগ প্রাপ্ত হলে বিঘটি প্রমাণ সাপেক্ষে সঙ্গ্রিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। যে কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৩। নিয়োজিত প্রার্থীগণকে শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ১৪। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন বা বাতিল এবং পদের সংখ্যা হ্রাস-কৃতি সংরক্ষণ করে। এ নিয়োগ প্রদানের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২৬/০৭/২০২৩

মোঃ ফরুকুল ইসলাম
সহকারী কমিশনার (ভূমি) ছাগলনাইয়া, ফেনী।

সভাপতি
উপজেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, ছাগলনাইয়া, ফেনী।